



দৈনিক বগুড়া

উত্তরাঞ্চলে বহুলা কঠোরিক

ফুট জিন্স
৫৯৫
প্রিমিয়াম
দাঁট

The Daily Bogura

তারিখ: ২০১৮ ১৬ বর্ষ ২০০৩তম সংখ্যা বগুড়া মঙ্গলবার ১৫ মে ২০১৮ ১ জ্যেষ্ঠ ১৪২৫ ২৮ শাবান ১৪৩৯ পৃষ্ঠা ৪ মূল্য: ৩.০০ টাকা মাত্র। E-mail: dbogranews@gmail.com

বগুড়ায় আলফানেটের উদ্যোগে আইটি কনফারেন্স অনুষ্ঠিত

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এবং তথ্য প্রযুক্তির বিকাশের লক্ষে বগুড়াতে অনুষ্ঠিত হয়েছে “বগুড়া আইটি কনফারেন্স ২০১৮”। বগুড়ায় আইটি কনফারেন্স আয়োজন করেন দেশের সেরা হোস্টিং কোম্পানী আলফা নেট। আইটি কনফারেন্স এই আয়োজনের মাধ্যমে বগুড়ায় সফটওয়্যার কোম্পানী, আইটি ট্রেনিং সেন্টার, আউটসোর্সিং কোম্পানী, হোস্টিং কোম্পানী, কম্পিউটার বিক্রয় প্রতিষ্ঠান এবং আই.এস.পি কোম্পানীসমূহের একে অপরের সঙ্গে

সদর থানার নবাগত ওসির সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়

বগুড়া সদর থানার নবাগত ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএম বদিউজ্জামানের সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়। গতকাল সোমবার বিকেলে বগুড়া সদর থানার আওতাভুক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সাথে আসন্ন রুমজান ও আইন শৃংখলার বিষয়ক মতবিনিময় হয়। মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএম বদিউজ্জামান সদর এলাকার শান্তি রক্ষায় সকল ইউপি চেয়ারম্যানের সহযোগীতা কামনা করে বলেন, বগুড়ার মানুষ শান্তি প্রিয় মানুষ। এই সদর এলাকার প্রতিটি পাড়া মহল্লায় শান্তি ও শৃংখলা রক্ষার্থে পুলিশ বাহিনী কাজ করে যাবে।



বগুড়ায় অভিজাত এক হোটেলে আলফা নেটের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে বগুড়া আইটি কনফারেন্স-২০১৮।
-নিজস্ব চিত্র

বগুড়ায় আলফানেটের

সুসম্পর্ক গড়ে তোলা, শক্তিশালী যোগাযোগ ব্যবস্থা গঠন এবং আইটি সম্পর্কিত বিভিন্ন সমস্যা এবং এর সমাধান নিয়ে আলোচনা করা হয়। আন্তর্জাতিক ভাবে বগুড়ার অবস্থান কিভাবে আরো উন্নত করা যায় সেই বিষয়েও এই কনফারেন্স এ আলোচনা করা হয়। কনফারেন্সে উপস্থিত ছিলেন আয়োজক আলফা নেটের প্রধান নির্বাহী কর্মকর্তা একরামুল হায়দার। এছাড়াও উপস্থিত ছিলেন অল আইটি বিভিন্ন প্রধান নির্বাহী, সাইবার ডেভেলপার বিভিন্ন প্রধান নির্বাহী, কোবাইট কম্পিউটার এর নির্বাহী সজিবুল ইসলাম, কম্পিউটার ডিভাইস এন্ড টেকনোলজির আসাদুজ্জামান শাফিক, বগুড়া প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক মীর সাজ্জাদ আলী সন্তোষ, ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশনের বগুড়া প্রতিনিধি হাসিবুর রহমান বিলু প্রমুখ। খবর বিজ্ঞপ্তি।

নন্দীগ্রামে বিদ্যুতায়ন

আওয়ামী লীগ নেতা বাসুদেব চন্দ্রের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সভাপতি মমতাজ উদ্দিন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আসাদুর রহমান দুলু, বগুড়া পট্টী বিদ্যুৎ সমিতির এজিএম রেজাউল করিম, জেলা আওয়ামী লীগের সমাজ কল্যাণ সম্পাদক শাহ আখতারুজ্জামান ডিউক, উপ-দপ্তর সম্পাদক মার্শারফী হিরো, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আনিছুর রহমান ও ৩নং ভাটরা ইউপি চেয়ারম্যান মোরশেদুল বারী। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, আওয়ামী লীগ নেতা আব্দুর রাজ্জাক, উপজেলা কৃষক লীগের সভাপতি সফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক সাঈদ রায়হান মানিক, উপজেলা আওয়ামী লীগের সভাপতি জাহাঙ্গীর আলম বাদশা ও সাধারণ সম্পাদক আবু সাঈদ প্রমুখ। এরপর জেলা আওয়ামী লীগের সভাপতি মমতাজ উদ্দিন সুইচ টিপে ৪৮টি বৈদ্যুতিক সংযোগ উদ্বোধন করেন।

ল্যাপারস্কোপিক সার্জন ও জেনারেল সার্জারী বিশেষজ্ঞ

স্বাস্থ্য সেবা